# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০০.০৪-৩১৭

তারিখঃ ১৪-০৬-১৪২৯ বঃ
২৯-০৯-২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

যেহেতু, জনাব মোঃ আজিজুর রহমান, পিতা- জনাব মহব্বত আলী হাওলাদার, গ্রাম- আলেকান্দা, পোঃ বরিশাল, থানা-কোতয়ালী, জেলা-বরিশাল এর বিরুদ্ধে বরিশাল যান্ত্রিক বিভাগ (বিএডিসি), বাপাউবো, বরিশাল এর স্মারক নং- এডিসি/বিআইপি/এ-১৪/২৫৪(৫), তারিখ ০৪-০২-১৯৮২ খ্রিঃ এর মাধ্যমে মাষ্টাররোল স্পীডবোট চালক হিসেবে বোর্ডের চাকরিতে নিয়োগ প্রাপ্ত হন। তিনি উক্ত নিয়োগাদেশ মোতাবেক ঐ দিনই কাজে যোগদান করেন। কাজে যোগদানের ২ মাস পর তিনি পারিবারিক প্রয়োজনে বিগত ০৬-০৪-১৯৮২ খ্রিঃ হতে ৩০-০৪-১৯৮২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ২৫ দিনের ছুটির জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট আবেদন করেন এবং ছুটি কালীন সময়ে তার ভাই কথিত হাফিজুর রহমান বদলী দায়িত্ব পালন করবেন মর্মে ছুটির আবেদনপত্রে উল্লেখ করেন। কিন্তু রেকর্ড পত্রে দেখা যায় হাফিজুর রহমান নামে তার কোন ভাই নাই। তার উক্ত আবেদন মোতাবেক ছুটি ভোগকালীন সময়ে তার ভাই হিসেবে প্রকৃত পক্ষে জনাব মোঃ আফিজুর রহমান বদলী দায়িত্ব পালন করতে থাকেন।

২। রেকর্ডপত্র হতে আরও দেখা যায়, উল্লেখিত ২৫ দিন ছুটি ভোগ শেষে তিনি জনাব মোঃ আজিজুর রহমান চাকরিতে যোগদান না করে অদ্যাবধি অননুমোদিতভাবে অনুপস্থিত তথা পলাতক আছেন। তাছাড়া তার ছুটির মেয়াদ শেষ হওয়ার পর বদলী দায়িত্ব পালনকারী হিসেবে তার ভাইয়েরও (মোঃ আফিজুর রহমানের) আর কর্মে নিয়োজিত থাকার কথা নয়। কিন্তু প্রকৃতপক্ষে বদলী দায়িত্ব পালনকারী হিসেবে তার ভাই তথাকথিত জনাব আফিজুর রহমানই আজিজুর রহমান নামে ভূয়া পরিচয়ে স্পীডবোট চালক হিসেবে বোর্ডের চাকরি করতে থাকেন এবং আজিজুর রহমানের নামে স্বাক্ষর প্রদান পূর্বক বেতন ভাতাদি গ্রহণ করেন, যা সম্পূর্ণরূপে প্রতারণা ও জালিয়াতিমূলক কর্মকান্ডের আওতাভূক্ত।

৩। আরও দেখা যায়, জনৈক জনাব আফিজুর রহমান, মোঃ আজিজুর রহমান এর নামে চাকরি করছেন মর্মে উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে বিষয়টি তদন্ত করার জন্য বোর্ড কর্তৃক স্মারক নং-২১৭-পাউবো(কপ)/বি-৩/২ব-২৪০/২০০১, তাং-২৯-০৬-২০০৩ ইং এর মাধ্যমে ০২ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটির নিকট তার ভাই নিজেকে আজিজুর রহমান হিসেবে বিগত ২৯-১২-২০০৩ ইং তারিখে যে জবানবন্দি প্রদান করেন তাতে তার বড় ছেলে মোঃ মুনিম রহমানকে উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল এর ৫ম শ্রেণির ছাত্র বলে উল্লেখ করেন। কিন্তু উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক স্মারক নং-ড-০৮/০৪, তাং-৩১-০৩-২০০৪ ইং এর মাধ্যমে প্রদত্ত প্রত্যয়নপত্র হতে দেখা যায় উল্লেখিত বিদ্যালয়ে ২০০৩ ইং সনে ৫ম শ্রেণিতে অধ্যয়নরত (পরবর্তীতে ৬ষ্ঠ শ্রেণি, ময়ূর শাখা, রোল-১৩) মুনিম রহমান সাভান, পিতা-আফিজুর রহমান তুহীন, পেশা-ব্যবসা, দক্ষিণ আলেকান্দা, আর্শেদ আলী সড়ক, বরিশাল উল্লেখ আছে। মূলতঃ তার ভাই জনাব আফিজুর রহমান নিজেকে তদন্ত কর্মকর্তার নিকট জনাব আজিজুর রহমান হিসেবে প্রমাণ করার জন্যে তার ছেলে মুনিম রহমান এর পিতার নাম আজিজুর রহমান উল্লেখ পূর্বক বিভ্রান্তিকর তথ্য প্রদান করে মিথ্যাকে প্রতিষ্ঠিত করার অপচেষ্টা করছেন যা গুরুতর অপরাধের পর্যায়ভূক্ত।

৪। উপরোক্ত ঘটনা হতে স্পষ্টতঃই প্রতীয়মান হয় যে, তিনি জনাব মোঃ আজিজুর রহমান, সাবেক স্পীডবোট চালক ছুটিতে গমন করে আর বোর্ডের চাকরিতে যোগদান না করে অদ্যাবধি পলাতক আছেন। তাছাড়া তার ছুটিকালীন সময়ে তার ভাই হিসেবে বদলী দায়িত্ব পালনকারী তথাকথিত জনাব আফিজুর রহমানই তার নামে (আজিজুর রহমান) পরিচয়ে বোর্ডের চাকরিতে কর্মরত রয়েছেন এবং প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে মাষ্টাররোল হতে নিয়মিত হওয়া, পদোন্নতি প্রাপ্তিসহ চাকরিগত সকল সুযোগ সুবিধা গ্রহণ করে ১৯৮২ সাল হতে অদ্যাবধি অবৈধভাবে চাকরিতে বহাল থেকে বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি অবৈধভাবে গ্রহণ করে বোর্ডের লক্ষ লক্ষ টাকা আত্মসাত করেছেন। অর্থাৎ তিনি জনাব আজিজুর রহমান নিজে বোর্ডের চাকরিতে যোগদান না করে অদ্যাবধি তার স্থলে প্রকৃতপক্ষে তার ভাইকে জালিয়াতির মাধ্যমে চাকরি করার সুযোগ প্রদান করে গুরুতর অপরাধ করেছেন।

৫। যেহেতু, জনাব মোঃ আজিজুর রহমান, সাবেক স্পীডবোট চালক বর্তমানে ফোরম্যান-এ (সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে উপরোক্ত অভিযোগে অভিযোগনামা আনয়নপূর্বক অত্র দপ্তরের স্মারক নং-১৩০-পাউবো/শৃং/শা-২/অভি(খ)-০২/২০০৪(২য় খন্ড) তারিখ ১০/০৬/২০২০ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন। অতঃপর সূচিত কার্যধারায় আনীত অভিযোগ এবং অভিযোগের প্রেক্ষিতে তার দাখিলকৃত জবাব তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-১৪৬-পাউবো/শৃং/শা-২/অভি(খ)-০২/২০০৪(২য় খন্ড) তারিখ ১৫/০৭/২০২০ খ্রিঃ এর মাধ্যমে আনীত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি অভিযোগ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৬। যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব মোঃ আজিজুর রহমান, সাবেক স্পীডবোট চালক বর্তমানে ফোরম্যান-এ (সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক তার উপর বোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার উপর তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৬-০৪-১৯৮২ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকরি হতে বরখাস্ত দন্ড কেন চূড়ান্তভাবে আরোপ করা হবে না, এ বিষয়ে প্রবিধানমালার প্রবিধান-৫২ এর উপ-প্রবিধান ৫২(৫) ও ৫২(৬) মোতাবেক উক্ত নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করতঃ ০৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য অত্র দপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০০.০৪-৩০৮ তারিখ ১২-০৯-২০২২ খ্রিঃ মোতাবেক তার স্থায়ী ঠিকানায় ও দাপ্তরিক ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন।

৭। যেহেতু, জনাব মোঃ আজিজুর রহমান, সাবেক স্পীডবোট চালক বর্তমানে ফোরম্যান-এ (সাময়িক বরখাস্তকৃত) এর দাখিলকৃত কারণ দর্শানোর জবাব কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং তার বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক বাপাউবোর্ডের চাকরিতে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৬-০৪-১৯৮২ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষ কর্তৃক তার উপর বাপাউবোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ আজিজুর রহমান, সাবেক স্পীডবোট চালক বর্তমানে ফোরম্যান-এ (সাময়িক বরখাস্তকৃত), পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (সাবেক মাষ্টাররোল স্পীডবোট চালক, বরিশাল যান্ত্রিক বিভাগ (বিএডিসি), বাপাউবো, বরিশাল) কে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক বাপাউবোর্ডের চাকরিতে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৬-০৪-১৯৮২ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকরি হতে ''বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৯। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৯/০৯/2022

(প্রনয় কুমার প্রামানিক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩১২৩১০১৪

তারিখঃ ১৪-০৬-১৪২৯ বঃ
২৯-০৯-২০২২ খ্রিঃ

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০০.০৪-৩১৭(১০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। সচিব, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক, কর্মচারী/হিসাব/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। অত্র দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। সিএসও টু, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, বরিশাল যান্ত্রিক পওর বিভাগ, বাপাউবো, বরিশাল।
৮। উপপরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রঃ), বাপাউবো, ঢাকা।
১০। (ক) জনাব মোঃ আজিজুর রহমান, ফোরম্যান-এ (বরখাস্তকৃত), পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
(খ) জনাব মোঃ আজিজুর রহমান, পিতা-জনাব মহব্বত আলী হাওলাদার, গ্রাম-আলেকান্দা, পোঃ বরিশাল, থানা- কোতয়ালী, জেলা-বরিশাল।

২৯/০৯/2022

(মোঃ নোমান ফরিদ)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

E/Asma/OO.Dismiss P-2

২৯/০৯/22